



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
দেওয়ানগঞ্জ, জামালপুর।

সেবা নির্দেশিকা



০১। প্রশিক্ষণঃ

প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ				
ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের স্থান
ক)	০২ মাস ১৫ দিন মেয়াদি গবাদিপশু, হাস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক)	মহাপরিচালক/উপপরিচালক এর কার্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তিতে নির্দেশিত তারিখ ও সময় মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন গ্রহণ ও প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়।	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম ৮ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্ত ভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ১০০(একশত) টাকা এবং প্রশিক্ষণটি আবাসিক।	উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর, ময়মনসিংহ। ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।
খ)	০১ মাস মেয়াদি মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম ৮ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তিফি ৫০/= টাকা।	ঐ
গ)	০৩/০৬ মাস মেয়াদি পোষাক তৈরী ও দর্জি প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক) শুধুমাত্র মহিলাদের জন্য	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম এইচ.এস.সি পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয়ে আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয়ে কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ৫০/= টাকা।	ঐ
ঘ)	০৬ মাস মেয়াদি কম্পিউটার বেসিক কোর্স (অনাবাসিক)	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম এইচ.এস.সি পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্ত ভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ১০০০/= টাকা।	ঐ
ঙ)	০৬ মাস মেয়াদি ইলেকট্রনিক্স প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম এস.এস.সি পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ৩০০/= টাকা।	ঐ
চ)	০৬ মেয়াদি ইলেকট্রিক্যাল এন্ড হাইড্রোপাওয়ার প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম ৮ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ৩০০/= টাকা।	ঐ
ছ)	০৬ মেয়াদি রেক্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)	ঐ	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম এস.এস.সি পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদন পত্রগুলি যাচাই বাচাই করে জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্ত ভাবে প্রার্থী নির্বাচন করে নির্বাচিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন। ভর্তি ফি ৩০০/= টাকা।	ঐ
অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ				
ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের স্থান
ঝ)	০৭,১০,২১ দিন মেয়াদি গাভী পালন/দুগ্ধ খামার স্থাপন, গরু মোটা-তাজা করণ, ছাগল পালন, পারিবারিক হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ, কৃষি, পশুপালন, ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ সহ এলাকার চাহিদানুসারে বিভিন্ন ধরনের ৪১ টি ট্রেডে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্স)	মহাপরিচালকের কার্যালয় হতে উপজেলা কার্যালয়কে দেয়া বার্ষিক লক্ষ্যমাত্রার আলোকে উপজেলা কার্যালয় কর্তৃক লক্ষ্যমাত্রা পূরণের নিমিত্তে প্রায় প্রতি মাসে ১/২ টি ব্যাচ (৩০ জন) হারে পরিচালনা করা হয়।	(১৮-৩৫) বছর বয়সী ন্যূনতম ৫ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা উপজেলা কার্যালয় কর্তৃক নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদন করবেন। উপজেলা কার্যালয় আবেদনপত্রগুলি যাচাই বাচাই পূর্বক কমপক্ষে ৩০ জনের একটি তালিকা প্রস্তুতকরে অনুমোদনের জন্য জেলা কার্যালয়ে প্রেরণ করবেন। জেলা কার্যালয় হতে অনুমোদন প্রাপ্তির সাপেক্ষে উপজেলা কার্যালয় কর্তৃক স্থানীয় চাহিদার ভিত্তিতে উপজেলা কার্যালয়ে বা কোন শিক্ষা প্রতিষ্ঠান বা সংগঠনের কার্যালয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। উক্ত প্রশিক্ষণের কোন ভর্তি ফি নাই।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।

০২। যুব ঋণ ও সংগঠন সংক্রান্ত:

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের পদ্ধতি	সেবা প্রদানের স্থান
ক)	ঋণ কর্মসূচীর আওতায় প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সে শিক্ষিত যুবদের একক ঋণ প্রদান করা হয়। ০২। প্রাতিষ্ঠানিক ঢ্রেডে সর্বনিম্ন ১৫০০০০/- টাকা হতে সর্বোচ্চ ২০০০০০/- এবং অপ্রাতিষ্ঠানিক ঢ্রেডে ১০০০০০/= টাকা হতে ১৫০০০০/= টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়।	একজন প্রশিক্ষিত যুব/যুব মহিলা উপজেলা কার্যালয়ে সাদা কাগজে আবেদনপত্র দাখিলের পর ০৭দিন- ৩০দিন। উল্লেখ্যঃ ঋণের অর্থের বাজেট না থাকলে বা ঘূর্ণায়মান তহবিলে প্রয়োজনীয় স্থিতি না থাকলে উক্ত সময়ের তারতম্য হতে পারে।	একজন প্রশিক্ষিত যুব/যুব মহিলা সাদা কাগজে উপজেলা কার্যালয়ে আবেদনপত্র দাখিল করলে তার প্রকল্প পরিদর্শন পূর্বক নীতিমালায় প্রদত্ত শর্ত মোতাবেক নির্বাচিত হলে তাকে ২০/= টাকার বিনিময়ে একটি নির্ধারিত আবেদন ফরম প্রদান করা হয়। অতঃপর ফরমটি প্রয়োজনীয় কাগজপত্র সহ উপজেলা কার্যালয়ে জমা প্রদান করা হলে ইহা পরীক্ষা নিরীক্ষা করে প্রাতিষ্ঠানিক হলে সুপারিশ সহ জেলা যুবঋণ অনুমোদন কমিটিতে এবং অপ্রাতিষ্ঠানিক হলে উপজেলা যুব ঋণ অনুমোদন কমিটিতে উপস্থাপন করা হয়। যুব ঋণ অনুমোদন কমিটি অনুমোদন সাপেক্ষে নীতিমালার সকল শর্তাদি পূরণপূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে উপজেলা কার্যালয় হতে ঋণ প্রদান করা হয়।	উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জামালপুর, ময়মনসিংহ। ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।
খ)	যুব উদ্যোক্তা ঋণ কার্যক্রম সর্বোচ্চ =৫০০০০০/- টাকা ঋণ প্রদান করা হয়।	ঐ	ঐ	ঐ
গ)	পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ কেন্দ্র ভিত্তিক ০১ কেন্দ্রে ৩০জন ৩০০০০/- টাকা জন প্রতি।	ঐ	ঐ	ঐ
ঘ)	অন্যান্য কার্যক্রম সংক্রান্ত যুব নেতৃত্ব বিকাশে যুব সংগঠন তালিকা ভুক্ত করা হয়।	যুব সংগঠন কর্তৃক উপজেলা কার্যালয়ে সাদা কাগজে আবেদনপত্র দাখিলের পর ০৭-৩০দিন।	কোন যুব সংগঠন নিবন্ধন ভুক্তির জন্য উপজেলা কার্যালয়ে আবেদন পত্র দাখিল করলে উক্ত সংগঠনটির কার্যক্রম পরিদর্শন পূর্বক নীতিমালায় চাহিত শর্তাদি মোতাবেক নিবাচিত হলে উক্ত সংগঠনকে অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরম প্রদান করা হয়। অতঃপর উক্ত সংগঠন প্রয়জনীয় কাগজপত্র সহ আবেদন পত্রখানা উপজেলা কার্যালয়ে জমা প্রদান করলে ইহা পরিক্ষা নিরিক্ষা করে সুপারিশসহ জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়। জেলা কার্যালয় পুনরায় পরিক্ষা নিরীক্ষান্তে নিবন্ধন ভুক্ত করেন।	ঐ
ঙ)	দেশের আর্থ সামাজিক উন্নয়নে বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে অধিদপ্তর কর্তৃক যুব কল্যাণ তহবিল বা অনুন্নয়ন খাত হতে অনুদান প্রদান করা হয়।	যুব ও ক্রীড়া মন্ত্রনালয়/ মহাপরিচালক এর কার্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তিতে নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কার্যালয়ে আবেদনপত্র গ্রহণ করা হয়।	যুব সংগঠন কর্তৃক নীতিমালার আলোকে শর্তাদি পূরণসাপেক্ষে নির্ধারিত ফরমে উপজেলা কার্যালয়ে আবেদনপত্র দাখিল করলে উপজেলা কার্যালয় প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাচাই পূর্বক উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সুপারিশ সহ জেলা কার্যালয়ে প্রেরণ করেন । অতঃপর জেলা কার্যালয় ইহা আরোও পরিক্ষা নিরীক্ষান্তে জেলা প্রশাসক মহোদয় এর সুপারিশ সহ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করেন। পরবর্তীতে ক্ষেত্র ভেদে বা মন্ত্রনালয় বা অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে সংগঠনকে অনুদান প্রদান করা হয়।	ঐ

উপর্যুক্ত সেবা কার্যক্রম ছাড়াও বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচীর আওতায় বেকার যুবদের আত্মকর্মসংস্থান, এইচআইভি/এইডস/এসটিডি প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য, মাদক দ্রব্যের অপব্যবহার , সামাজিক রীতি-নীতি, মূল্যবোধ, জেন্ডার ও উন্নয়ন, যৌতুক, সুশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবার কল্যাণ ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।